গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লাখাই, হবিগঞ্জ।
www.lakhai.habiganj.g0v.bd

# জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

## বিজ্ঞপ্তি নং-০১/২০২৩ ( ১৪৩০ বাংলা)

এতদ্বারা হবিগঞ্জ জেলার লাখাই উপজেলাধীন নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ এর আলোকে " জাল যার জলা তার " এ নীতি অনুসরণে লাখাই উপজেলা প্রশাসনের ব্যবস্থাধীন নিম্নবর্ণিত ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল সমূহ ১৪৩০ বাংলা সন হতে ১৪৩২ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন বছর) মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত বিজ্ঞপ্তির সাধারণ শর্তাবলীতে উল্লিখিত শর্তে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠনের নিকট থেকে নির্ধারিত ফরমে সীল মোহরকৃত খামে আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইনের দাখিলকৃত আবেদন প্রিন্ট করে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

আবেদন ফরম দাখিলের দিনপঞ্জি

| ক্রম | তারিখ | গৃহীত কাযক্রম |
|---|---|---|
| ১ | ০১ থেকে ০৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ / ১৫ থেকে ১৯ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে ইজারার আবেদন ফরম বিক্রয় । |
| ২ | ০৬ থেকে ২৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ/ ২০ জানুয়ারি ২০২৩ থেকে ০৮ ফেব্রুয়ারি ২০২৩ খিস্টাব্দ | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ৩ | ২৬ থেকে ৩০ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ / ০৯ ফেব্রুয়ারি ২০২৩ থেকে ১৩ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ | মূল আবেদনসহ অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল |
| ৪ | ০৬ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ / ১৯ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৫ | ১৫ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ / ২৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন । |
| ৬ | ২৯ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ / ১৪ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ ( প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ৭ | ০৭ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ / ২১ মার্চ ২০২৩খ্রিস্টাব্দের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৮ | ২৩ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ/ ০৬ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দের মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্য ইজারামূল্য, ভ্যাট ও আয়কর জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। |
| ৯ | ১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ/ ১৪ এপ্রিল ২০২৩খ্রিস্টাব্দ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

শর্তাবলী:

১। নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন ব্যাতিত অন্য কোন সমিতি/সংগঠন/ব্যক্তি ইজারা গ্রহণে অংশ গ্রহণ করতে পারবেনা। প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন সমবায় অথবা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হতে হবে। যদি উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবি ব্যতিত অন্য কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবেনা।

২। আবেদনকারী মৎস্যজীবি সমিতি/সংগঠন বর্তমানে কাযকর আছে তার প্রমাণ সরুপ জেলা/উপজেলা সমবায় অফিস/ সমাজসেবা অফিসার কর্তৃক প্রত্যায়নপত্র দাখিল করতে হবে এবং বিগত তিন বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধনকৃত সমিতির ক্ষেত্রে তা প্রযোজ্য নয়।

৩। নিবন্ধিত মৎস্যজীবি সমবায় সমিতিকে jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে।

৪। বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে নির্ধারিত মূল্য ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার /ব্যাংকড্রাফট এর বিনিময়ে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে আবেদনফরম অফেরৎযোগ্য মূল্যে ক্রয় করা যাবে।

৫। মূল আবেদনসহ অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, লাখাই, হবিগঞ্জ কার্যালয়ে অফিস চলাকালীন সময়ের মধ্যে দাখিল করতে হবে।

৬। নির্দিষ্ট ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবি সমিতি/সংগঠন তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে। একই সাথে তার অনুলিপি অর্থাৎ এক প্রস্থ তালিকা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি বরাবরে এতদসংগে সংযোজন করে দিতে হবে।

৭। আবেদনপত্রের সাথে বিজ্ঞপ্তিতে উল্লেখিত সংশ্লিষ্ট জলমহালের সরকারি ধার্য্যকৃতমূল্যের ২০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট / পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, লাখাই, হবিগঞ্জ বরাবরে দাখিল করতে হবে। উক্ত অর্থ শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে।

৮। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি আলাপ আলোচনা তথা সমঝোতার ভিত্তিতে ০৩ (তিন) বছর মেয়াদে স্থানীয়ভাবে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমিতি/ সংগঠনকে বন্দোবস্থ প্রদান করবেন। তবে সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/ তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সমিতি/সংগঠন অগ্রাধিকার পাবে।

৯। আগ্রহী প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠনকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের সীল সম্বলিত আবেদন ফরম দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যায়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। তাছাড়া তিন বছর মেয়াদে লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎসচাষ / উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/ রুপরেখা সংযুক্ত করতে হবে। আবেদনপত্র অসম্পূর্ণ হলে বাতিল বলে গণ্য করা হবে।

চলমান পাতা ০২

CamScanner

১০। আগ্রহী মৎস্যজীবি সমিতি / সংগঠনকে যাচাই বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/ সমিতির কোন জঙ্গি সম্পৃক্ততা বা পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপী বা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে মামলা থাকলে সংশ্লিষ্ট সমিতি / সংগঠনকে জলমহাল ইজারা প্রদান করা যাবেনা।

১১। জমাকৃত আবেদনসমূহ যাচাই বাছাই করে যদি জলমহালের একাধিক সমিতি/ সংগঠন উপযুক্ত বলে বিবেচিত হয় তাহলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি আলাপ আলোচনার মাধ্যমে একটি প্রকৃত মৎসজীবি সমিতি/ সংগঠনকে সংশ্লিষ্ট জলমহাল বন্দোবস্থ প্রদানের ক্ষমতা সরেক্ষণ করেন।

১২। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্থ / ইজারাপ্রাপ্ত প্রকৃত মৎস্যজীবি সমিতি/ সংগঠনকে প্রথম বছরের সমুদয় ইজারামূল্য সিদ্ধান্ত প্রদানের পর নির্ধারিত তারিখের মধ্যে এককালীন পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিলসহ জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ কিস্তিতে পরিশোধ করা যাবেনা।

১৩। তিন বছর মেয়াদে ইজারাকৃত জলমহালের দ্বিতীয় ও তৃতীয় বছরে ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং পুনরায় মহালটি ইজারা প্রদানের ক্ষেত্রে মূল্য হ্রাস পেলে অথবা মহালটি ইজারা প্রদান সম্ভব নাহলে অবশিষ্ট / সম্পূর্ণ টাকার দায়িত্ব ইজারা গ্রহীতার উপর বর্তাবে।

১৪। তিন বছর মেয়াদে ইজারাকৃত জলমহালের ইজারা মেয়াদের মধ্যে মহালটি সরকারের বরাবরে প্রত্যার্পণ / সমর্পণ করা যাবে না।

১৫। মৎস্যজীবি সমিতি/ সংগঠনের পক্ষে একমাত্র সভাপতি / সম্পাদকের স্বাক্ষরে আবেদনপত্র দাখিল করতে হবে। সভাপতি / সম্পাদক ব্যতিত অন্য কোন সদস্যদের স্বাক্ষরিত আবেদনপত্র গ্রহণ করা যাবে না।

১৬। জলমহাল সমূহ যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় ইজারা দেয়া হবে। আবেদনকারীকে আবেদপত্র দাখিলের পূর্বেই সরেজমিন পরিদর্শন করে জলমহালের প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে নিয়ে আবেদনপত্র দাখিল করতে হবে।

১৭। লীজ গ্রহিতা কোন মৎসজীবি সমিতি / সংগঠন তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি বা গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবেনা। এ শর্ত বরখেলাপ করলে লীজ বাতিলসহ জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত সমিতি / সংগঠন পরবর্তী বছর জলমহাল ইজারা সংক্রান্ত কোন আবেদন করতে পারবেনা।

১৮। প্রথম বছরের ইজারামূল্য পরিশোধের সাথে সাথে ইজারা গ্রহিতাকে ৩০০/- (তিনশত ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নিজ দায়িত্বে চুক্তিনামা সম্পাদন এবং কর্তৃপক্ষের মাধ্যমে দখল বুঝে নিতে হবে। অন্যথায় যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণ করা হবে না।

১৯। ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত সরকারি বিধানসমূহ ইজারা গ্রহীতাকে অবশ্যই মেনে চলতে হবে।

২০। যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। অধিকন্তু কর্তৃপক্ষ বাস্তবতার আলোকে জলমহাল তফসিল হ্রাস/ বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২১। কোন জলমহালের কোন দাগের কিংবা মহালের উপর বিজ্ঞ দেওয়ানী আদালতের স্থিতাবস্তা / নিষেধাজ্ঞার আদেশ থাকলে তা বিজ্ঞপ্তিতে উল্লেখ করা না হলেও তা ইজারা বর্হিভূত থাকবে। বিজ্ঞ আদালতের স্থিতাবস্থা / নিষেধাজ্ঞা / প্রত্যাহার করা হলে স্বয়ংক্রিয়ভাবে ইজারা র্কাযক্রম অব্যাহত থাকবে।

২২। কোন জলমহাল ইজারা প্রদান হয়ে বা ইজারা কাযক্রম গ্রহণের কোন পর্যায়ে স্বত্ব মামলার উদ্ভব হলে / কোন বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা জারী হলে ইজারাকৃত মূল্য ফেরত প্রদান করা হবেনা বা কোন আপত্তি গ্রহণ করা হবেনা।

২৩। ইজারা গ্রহীতা ইজারা গ্রহণ করে সেচ দিয়ে সম্পূর্ণ পানি নিষ্কাশন করে অথবা বিষ প্রয়োগ করে মাছ আহরণ / নিধন করতে পারবেননা। এরুপ করলে মৎস্য আইনে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৪। ইজারা গ্রহীতাকে প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট এবং ১০% আয়কর পরিশোধ করতে হবে।

২৫। বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলাশয় সংলগ্ন প্লাবন ভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয় রুপ নেয় তখন ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।

২৬। কোন মৎস্যজীবি সমবায় সমিতি / সংগঠনকে দু'টির অধিক জলমহাল ইজারা বন্দোবস্থ প্রদান করা হবেনা।

২৭। জলমহাল ইজারা গ্রহণকারী কোন সমিতি বছরের যে কোন সময় জলমহাল ইজারা গ্রহণ করলেও ঐ বছরের ১লা বৈশাখ হতে ইজারা কাযকর বলে গণ করা হবে।

10.01.2023
(নাহিদা সুলতানা)
পরিচিতি নং-১৭৬৪৩
উপজেলা নির্বাহী অফিসার
লাখাই, হবিগঞ্জ।
ফোন নং- ০২-৯৯৬৬০৮৭৭৫
Email: unolakhai11@gmail.com

চলমান পাতা-০৩

CamScanner

১৪৩০-১৪৩২ বাংলা সনের জন্য তিন বছর মেয়াদে ইজারাযোগ্য ২০ একর পর্যন্ত জলমহালের তালিকা: উপজেলা: লাখাই, জেলা: হবিগঞ্জ।

| ক্র:নং | জেলা | উপজেলা | সায়রাতভুক্ত মহালের নাম | জলমহালের আয়তন (একরে) | মৌজার নাম | দাগনং | সাধারণ আবেদনে ইজারার মেয়াদ | চলতি ১৪৩০-১৪৩২ মেয়াদে বার্ষিক ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | হবিগঞ্জ | লাখাই | চোরা বিল | ১০.৬৫ | বুহিতনসী | ১৩৯২ | ১৪৩০-১৪৩২ | ১৪,৬৪৮/- | |
| ২ | | | গৌছির ডহর বিল | ১.৫৪ | বুহিতনসী | ২৯২৪ | ১৪৩০-১৪৩২ | ১০,০৮০/- | |
| ৩ | | | বাওয়া গ্রুপ ফিসারী | ৭.২৬ | জরিপপুর | ১২৩৯,১৩০৯, ১৪২৭, ১২০০ | ১৪৩০-১৪৩২ | ৩,৬৫,৮১০/- | |
| ৪ | | | ভালুকের কোপা গ্রুপ ফিসারী | ৯.০৬ | বুহিতনসী ও কামালপুর | ১৯৮৪, ২৯০৭, ৬২২, ৭২২ | ১৪৩০-১৪৩২ | ৭৩,০৮০/- | |
| ৫ | | | উদাজোর বিল | ৭.২০ | জিরুন্ডা | ৩৪০, ৪২০, ৩৫৯, ৪৬৫ | ১৪৩০-১৪৩২ | ১,৬৮,৬৮৩/- | |
| ৬ | | | জিরায় জোরের বান্দ | ০.২৫ | বুহিতনসী | ২৯০৪ | ১৪৩০-১৪৩২ | ৩৮,৪৮৩/- | |
| ৭ | | | ছোট মহিষ বড় মহিষ | ১৫.৩৫ | পূর্ববেগুনাই | ৩২৭৬, ৩২৬৩, ৩২৬৪, ৩২৭৩, | ১৪৩০-১৪৩২ | ৫১,০০৪/- | |
| ৮ | | | পুরাতন বরাক বিল | ৮.৩২ | ফরিদপুর | ১৭৪২ | ১৪৩০-১৪৩২ | ১৬,৬৪৮/- | |
| ৯ | | | পাতারিয়া গ্রুপ ফিসারী | ১৬.০৪ | নিদনপুর ও বলাকান্দি | ১৩২, ১৯৫, ৪৯৫ ও ১১১২, ৪১০ | ১৪৩০-১৪৩২ | ৭৬,৭৫৫/- | |
| ১০ | | | দৈয়া বিল (ধুইয়া বিল) | ৯.১১ | চান্দপুর | ২৭১ | ১৪৩০-১৪৩২ | ৩৮,৭৪৫/- | |
| ১১ | | | কুড়ালিয়া ফাটা বিল | ১৬.৪৪ | পূর্ববেগুনাই | ১২৬১, ৩৩২০ | ১৪৩০-১৪৩২ | ১৮,৫২২/- | |
| ১২ | | | ছিনাইয়ার বিল | ১৬.৯৮ | নিদনপুর | ৪৯২,৪৯৫ | ১৪৩০-১৪৩২ | ২,০০০/- | |
| ১৩ | | | ভাটেরা লাইয়া খাল | ৬.০০ | পূর্ববেগুনাই | ১৭৮৯, ১৭৯১, ১৭৮৭ | ১৪৩০-১৪৩২ | ৬,৫১০/- | |
| ১৪ | | | ঝনঝনিয়ার খাল | ৩.৭৮ | পান্ডা | ১০৩২ | ১৪৩০-১৪৩২ | ২,৫৯৪/- | |
| ১৫ | | | লাখাই টাউনশীপ পুকুর/ডোবা | ০.৭৮ | বুহিতনসী | ২৫৪৬ | ১৪৩০-১৪৩২ | ১,৮৩৮/- | |
| ১৬ | | | লাখাই টাউনশীপ পুকুর/ডোবা | ০.২৩ | স্বজনগ্রাম | ২৪০৮ | ১৪৩০-১৪৩২ | ৪৭৩/- | |
| ১৭ | | | লাখাই টাউনশীপ পুকুর/ডোবা | ০.৯৪ | স্বজনগ্রাম | ২৫০৮, ২৫০৯, ২৫১০, ২৫১১, ২৫১২, ২৫১৬ | ১৪৩০-১৪৩২ | ৩,৩০৮/- | |
| ১৮ | | | মনিখাই নদী | ১১.৯০ | জরীপপুর ও জিরুন্ডা | ১৫৭৫ | ১৪৩০-১৪৩২ | ৬৬,০৬৬/- | |
| ১৯ | | | বড় বিল বুহিতা বিল প্রকাশিত সাত বিল | ১১.৭৯ | শিবপুর | ৪৭৯২, ৪৭৯৪, ৪৮৩৬ | ১৪৩০-১৪৩২ | ৫১,০৪৬/- | |
| ২০ | | | হাদার বিল মরা গঙ্গা | ১.৪০ | গোবিন্দপুর | ১৬/৩৯ | ১৪৩০-১৪৩২ | ১,০৭,২১০/- | |
| ২১ | | | টেইঙ্গা বিল | ৩.১৮ | গোবিন্দপুর | ১৩ | ১৪৩০-১৪৩২ | ৪৫,৯৫৩/- | |
| ২২ | | | কালাধন্যা বিল | ৫.৩৪ | পান্ডা | ১১৮৭ | ১৪৩০-১৪৩২ | ৬,৭২০/-- | |
| ২৩ | | | হানকি ভাঙ্গা বিল | ৫.১৫ | পান্ডা | ৭৩৪ | ১৪৩০-১৪৩২ | ৪,২০০/- | |
| ২৪ | | | গোলকুনাইয়া বিল | ৫.১৫ | গোবিন্দপুর | ৩১ | ১৪৩০-১৪৩২ | ৪,২০০/- | |
| ২৫ | | | আধ বিল | ৩.৪৬ | পান্ডা | ১০৭৫ | ১৪৩০-১৪৩২ | ৩,৭৪৯/- | |

10-07-2023

(নাহিদা সুলতানা)
পরিচিতি নং-১৭৬৪৩
উপজেলা নির্বাহী অফিসার
লাখাই, হবিগঞ্জ।

চলমান পাতা-০৪

স্মারকনং-০৫.৪৬.৩৬৬৮.০০১.০১.১৭৩.২০- ৪৪ (৪০) তারিখ: ১০/০১/২০২৩খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে প্রেরণ করা হলো।

১। মাননীয় সংসদ সদস্য, লাখাই-হবিগঞ্জ-শায়েস্তাগঞ্জ নির্বাচনী এলাকা।
২। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাখাই, হবিগঞ্জ।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), হবিগঞ্জ।
৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ------------------------------------হবিগঞ্জ।
৬। সহকারী কমিশনার (ভূমি), লাখাই, হবিগঞ্জ।
৭। উপজেলা------------------------------------------------কর্মকর্তা, লাখাই, হবিগঞ্জ।
৮। জনাব------------------------------------------------সদস্য/ সদস্য-সচিব, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, লাখাই, হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৯। চেয়ারম্যান (সকল)----------------------------ইউনিয়ন পরিষদ, লাখাই, হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০। সহকারী প্রোগ্রামার, লাখাই, হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইডে প্রকাশের অনুরোধ করা হলো।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস বামৈ/ বুল্লা, লাখাই, হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট এলাকায় মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১২। সম্পাদক, দৈনিক খোয়াই, হবিগঞ্জ। উল্লিখিত বিজ্ঞপ্তিটি আপনার দৈনিক পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য জরুরী ভিত্তিতে প্রকাশের জন্য অনুরোধ করা হলো। প্রকাশিত পত্রিকার কপি ও বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১৩। সভাপতি / সম্পাদক ----------------------------------------------------------মৎস্যজীবি সমবায় সমিতি লি:, সাং------------------------------------------------ ডাক---------------------------------------------------------------উপজেলা: লাখাই, জেলা: হবিগঞ্জ।
১৪। সভাপতি / সম্পাদক, প্রেসক্লাব, লাখাই, হবিগঞ্জ।
১৫। অফিস কপি।
১৬। নোটিশ বোর্ড।

10-07-2023

(নাহিদা সুলতানা)
পরিচিতি নং-১৭৬৪৩
উপজেলা নির্বাহী অফিসার
লাখাই, হবিগঞ্জ।
ফোন নং- ০২-৯৯৬৬০৮৭৭৫
Email: unolakhai11@gmail.com

১০/০৭/২৩